

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 16 April, 2025

নেত্রকোণার দুর্গাপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে একটি বসতঘর সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) রাতে উপজেলার বিরিশিরি ইউনিয়নের ভুলিগাঁও গ্রামে এ ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক হায়দার আলীর ছেলে সোহাগ হাসান বাপ্পি।

স্থানীয় সূত্রে জানা গেছে, রাতে ঘরের ভেতর মোমবাতি জ্বালিয়ে বাপ্পি পাশের বাড়িতে রাতের খাবার খেতে যান। কিছুক্ষণ পর হঠাৎ আগুনের লেলিহান শিখা দেখতে পান তিনি। মুহূর্তের মধ্যে আগুন চারদিকে ছড়িয়ে পড়ে। স্থানীয়রা চেষ্টা চালিয়েও আগুন নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ হন।

খবর পেয়ে দুর্গাপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। তবে ততক্ষণে ঘরের সব আসবাবপত্র ও ব্যবহার্য সামগ্রী পুড়ে ছাই হয়ে যায়।

ক্ষতিগ্রস্ত বাপ্পি জানান, “রাতের খাবারের জন্য পাশের বাড়িতে গিয়েছিলাম। হঠাৎ শুনি আমার ঘরে আগুন লেগেছে। দৌড়ে এসে দেখি আগুন চারদিকে ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা চেষ্টা করেও কিছুই রক্ষা করতে পারেনি। ঘরের ভেতর সবকিছু পুড়ে ছাই হয়ে গেছে। আনুমানিক তিন লাখ টাকার ক্ষতি হয়েছে।”

দুর্গাপুর ফায়ার সার্ভিস স্টেশনের লিডার মঞ্জুর ফরাজী বলেন, “খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে গিয়ে কাজ শুরু করি। গাড়িতে থাকা পানি শেষ হয়ে গেলে পাশের স্থান থেকে পানি এনে আগুন নিয়ন্ত্রণে আনি। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, মোমবাতির আগুন থেকেই অগ্নিকাণ্ডের সূত্রপাত।”

এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

আগুন ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:25

URL: <https://www.timestodaybd.com/mymensingh/775807916>